“পুরুষদের জন্য প্রথম লাইন উত্তম এবং শেষের লাইন মন্দ। মহিলাদের জন্য শেষের লাইন উত্তম এবং প্রথম লাইন মন্দ”।

আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “পুরুষদের জন্য প্রথম লাইন উত্তম এবং শেষের লাইন মন্দ। মহিলাদের জন্য শেষের লাইন উত্তম এবং প্রথম লাইন মন্দ”। [সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,সালাতের ভেতর পুরুষদের সর্বোত্তম কাতার এবং সবচেয়ে সাওয়াব ও পুণ্যের হল প্রথমটি; কারণ তারা ইমামের নিকটবর্তী, তার তিলাওয়াত শোনেন এবং মহিলাদের থেকে দূরে অবস্থান করেন। তার মধ্যে সবচেয়ে খারাপ, সওয়াব ও পুণ্যের দিক থেকে সর্বনিম্ন এবং ইসলামী শরীয়তের উদ্দেশ্য থেকে সবচেয়ে দূরে শেষেরটি। আর মহিলাদের জন্য সর্বোত্তম কাতার শেষেরটি; কারণ এটি তাদের জন্য আরও গোপনীয় এবং পুরুষদের সাথে সংমিশ্রন, তাদের দেখা এবং তাদের দ্বারা প্রলুব্ধ হওয়া থেকে অনেক দূরে; তার মধ্যে সবচেয়ে খারাপ প্রথমটি; কারণ এটি পুরুষদের নিকটবর্তী এবং ফিতনার কাছাকাছি।

http://sunnah.global/hadeeth/bn/show/11299